

## রাজনৈতিক ও দার্শনিক ভাবনার সুসংহত বিকাশ- সফ্রেটিস থেকে অ্যারিস্টটল সংঘমিত্রা পাল

### ভূমিকা:-

পৃথিবীর এক প্রান্ত থেকে অপর প্রান্ত প্রায় সর্বত্রই নানাবিধ সামাজিক ও রাজনৈতিক সমস্যার বহুমুখি চিত্র পরিলক্ষিত হয়, যদিও তার সমাধানের চেষ্টাও অব্যাহত। হাজার হাজার বছর পূর্বের বিভিন্ন গুণীজনের পথনির্দেশই এইরূপ বহুমুখি সমস্যার সমাধানকে বাস্তবায়িত করতে পেরেছে এবং এই ধারাতেই যুগে যুগে আগমন ঘটেছে বিভিন্ন মনীষীদেরও যাদের জ্ঞানালোক ও দার্শনিক বিচক্ষণতায় আমরা সমৃদ্ধ হতে পেরেছি।

গুরুশিষ্য পরম্পরায় সফ্রেটিস, প্লেটো ও অ্যারিস্টটল প্রমুখ গ্রীক পণ্ডিতগণ সমাজ ও রাষ্ট্রের গঠন ও পরিচালন ব্যবস্থা সংক্রান্ত বেশ কিছু গুরুত্বপূর্ণ প্রশ্ন উত্থাপন করে তার যথাসাধ্য সমাধানের চেষ্টা করেছেন। বর্তমান অধ্যায় রচনা তাঁদের সেই ভাবনারই এক সুসংহত ক্রমবিকাশের প্রতিকৃতি মাত্র।

### ব্যখ্যা ও বিশ্লেষণ:-

এক চূড়ান্ত গণতান্ত্রিক অপশাসন ব্যবস্থায় যখন পাশ্চাত্য দর্শনের জনক সফ্রেটিসের মৃত্যুদণ্ড হয়, তখন এথেন্সের রাজনৈতিক ব্যবস্থায় নেমে আসে এক চরম বিপর্যয়। এরূপ অস্থির পরিস্থিতিতেই জন্মগ্রহণ করেন প্লেটো। এক অভিজাত বংশে জন্মগ্রহণ করেও তিনি উন্নত বিচারবুদ্ধি সম্মত ব্যক্তিত্বের অধিকারী হওয়ায় অভিজাত সম্প্রদায় পরিচালিত স্বৈরাচারী শাসনব্যবস্থার প্রতি শ্রদ্ধাশীল হতে পারেন নি। সেই সময়ের সামাজিক ও রাজনৈতিক পরিস্থিতির পরিপ্রেক্ষিতেই দূরদৃষ্টিসম্পন্ন সফ্রেটিস, প্লেটো প্রমুখ পণ্ডিতগণ তৎপর হয়ে পড়েন বিকল্প সমাজ ও রাষ্ট্রব্যবস্থার অনুসন্ধান, যেখানে সম্পৃক্ত হয়েছিল তাঁদের দার্শনিক চিন্তাও। গনতন্ত্রের নামে একদল অশিক্ষিত মানুষের অপশাসনকে সফ্রেটিস কখনই সমর্থন করেন নি। সফ্রেটিসের মতে, রাষ্ট্রের শাসনভার একজন সৎ, বিজ্ঞ ও ন্যায়পরায়ণ ব্যক্তির উপরই অর্পিত হওয়া উচিত। যেহেতু, তাঁর কাছে জ্ঞানগত সমস্যাই হল মূল সমস্যা তাই জ্ঞানলাভের সঠিক পদ্ধতি নির্ধারণই হল তাঁর মূল লক্ষ্য। তিনি কেবলমাত্র সংলাপের মাধ্যমে সমাজের বিভিন্ন দিকগুলিকে তুলে ধরার চেষ্টা করেছেন বিভিন্ন জনসমাবেশে।

অপরদিকে রাজনৈতিক ও দার্শনিক চিন্তার ইতিহাসে প্লেটোর অবদানও অপরিমীম। তাঁর মাধ্যমেই সূত্রপাত ঘটে রাজনৈতিক দর্শনের। তিনিও সফ্রেটিসের স্বাধীন চিন্তার দ্বারা প্রভাবিত হয়েছিলেন। এথেন্সের রাজনৈতিক পরিস্থিতির প্রতি বীতশ্রদ্ধ হয়ে তিনি সেই সময় এথেন্স পরিত্যাগ করলেও রাষ্ট্রের ঐরূপ সংকটময় পরিস্থিতির উত্তরণ অন্বেষণ থেকে বিরত থাকেননি কখনই। সফ্রেটিসের শিক্ষার দ্বারা প্রভাবিত হয়ে তিনি মনে করেন যে, রাষ্ট্রীয় ক্ষমতা একজন দার্শনিক বোধসম্পন্ন ব্যক্তির নিকটই হস্তান্তর হওয়া উচিত। পরবর্তীকালে এথেন্সে প্রত্যাবর্তন করে যখন তিনি গড়ে তোলেন তাঁর প্রখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান 'একাদেমি' (Academy), তখন সেই 'একাদেমি' ঘিরে দেখা দেয় বিভিন্ন গুণীজনের সমাগম, যাদের মধ্যে অ্যারিস্টটল ছিলেন অন্যতম। প্লেটো প্রকৃত শিক্ষার মাধ্যমে একজন আদর্শ দার্শনিক শাসক তৈরি করতে চেয়েছেন। তাঁর চিন্তায় রাষ্ট্রের প্রয়োজনার্থেই দার্শনিক, দার্শনিকের প্রয়োজনার্থে রাষ্ট্র নয়। আদর্শ রাষ্ট্র ব্যবস্থার স্বরূপ নির্ধারণকল্পে তিনি রচনা করেন তাঁর বিখ্যাত গ্রন্থ 'Republic'। এই গ্রন্থে তিনি যে আদর্শ রাষ্ট্রের কল্পনা করেছেন তাঁর বাস্তবায়ন সম্ভব না হলেও তাঁর মতে ঐরূপ আদর্শের পরিপ্রেক্ষিতেই একটি রাষ্ট্রের প্রকৃত মূল্যায়ন সম্ভব হতে পারে।

প্লেটো পরবর্তী দার্শনিক অ্যারিস্টটলের দার্শনিক ও রাজনৈতিক ভাবনাও অত্যন্ত সুসংহত ও পরিমার্জিত। তাঁর দৃষ্টিভঙ্গি ছিল জগৎমুখী ও তথ্যানুসন্ধানী। অ্যারিস্টটলের মতে রাষ্ট্রের লক্ষ্য হওয়া উচিত মানুষের পরম কল্যাণসাধন। তিনি রাজনীতিবিদ্যার ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। তাঁর ভাবনায় রাষ্ট্র হল আকার এবং ব্যক্তি-মানুষ হল তার উপাদান। তাই রাষ্ট্রের মধ্যে অবস্থান করেই ব্যক্তির মনুষ্যত্ব বিকাশ সম্ভব। রাষ্ট্র সংক্রান্ত তাঁর চিন্তা অনেকটাই বাস্তবমুখী। তাঁর মতে রাষ্ট্র হল স্বাধীন ও সমানাধিকারী মানুষের একটি রাজনৈতিক গোষ্ঠী। অ্যারিস্টটলের মতে, ব্যক্তির স্বাভাবিক রাজনৈতিক প্রকৃতি পূর্ণতা পায় রাষ্ট্রে, যদিও সকল ব্যক্তি কিংবা সমগ্র জাতিসত্তাই বিকাশের এই উন্নত পর্যায়ে উন্নীত হতে পারে না। তাঁর মতে ব্যক্তির সঙ্গে রাষ্ট্রের সম্পর্ক অবিচ্ছেদ্য।

#### উপসংহার:-

পরিশেষে বলা যায় যে, প্রাচীন সভ্যতাগুলি থেকে শুরু করে বর্তমান সময় পর্যন্ত প্রায় প্রতিটি ক্ষেত্রেই উৎকৃষ্টতম রাজনৈতিক সিদ্ধান্তই মানব জীবনের সার্বিক উন্নতির পথ নির্দেশ করে চলেছে, যদিও প্রতি স্তরেই থাকে এক গভীর দার্শনিক চিন্তা, যারপ্রতিফলন পরিলক্ষিত হয় উৎকৃষ্টতম রাজনৈতিক সিদ্ধান্ত সমূহের বাস্তবায়নের মাধ্যমে।

#### গ্রন্থপঞ্জী:-

- Frederick Copleston, A History of Philosophy, 1993, Doubleday.
- W.T. Stace, A Critical History of Greek Philosophy, 1960, Macmillan and Company Limited.
- Bertrand Russell, The History of Western Philosophy, Simon and Schuster, Inc.
- B. Jowett, The Politics of Aristotle, 1885, The Clarendon Press.
- Francis Macdonald Cornford, The Republic of Plato. 1970, Oxford University Press.
- সরদার ফজলুল করিম, প্লেটোর রিপাবলিক, ২০০৯, মাওলা ব্রাদার্স।